



## ডাকসু নির্বাচনী প্রচারণা জঘে উঠেছে

(বিশ্ববিদ্যালয় সংবাদপত্র)  
কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ  
বলেছে, আসন্ন ডাকসু নির্বাচনে  
ভোট দিয়ে পরিষদের প্রার্থীদের  
নির্বাচিত করার, আধানে নতুন  
(শেষ পৃ: ২-এর ক: ম:)

### ডাকসু

(১ম পাতার পর)

করে তাদের পক্ষে রায় দেয়ার  
কোন অবকাশ নেই। গত ৬  
বছরের আলোচনের মধ্য দিয়ে  
ছাত্রসমাজ ইতিমধ্যেই পরিষদের  
নেতৃত্বের প্রতি পূর্ণ আস্থা বাতুল  
করেছে। ৮ই ফেব্রুয়ারী নির্বা-  
চনের দিন যা ঘটবে তা হবে  
আনুষ্ঠানিকতামাত্র।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ-  
রাজ্যেয় বাংলার পাদদেশে গতকাল  
বুধবার অনুষ্ঠিত এক নির্বাচনী  
সভায় পরিষদের নেতৃবৃন্দ একথা  
বলেন। ছাত্রনেতা মো: তাহের  
উল্লাহ সভায় সভাপতিত্ব করেন।  
বক্তব্য রাখেন মোস্তফা ফারুক,  
নুরুল ফজল বুলবুল ও নাজমুল  
হক প্রধান। সভায় ডাকসুতে  
ছাত্র সংগ্রাম পরিষদের প্যানেলও  
ঘোষণা করা হয়।

সভায় নেতৃবৃন্দ বলেন, আসন্ন  
নির্বাচন সন্থাসমূহ ক্যাম্পাস  
প্রতিষ্ঠার একটি চ্যালেঞ্জ। এই  
চ্যালেঞ্জ দৃঢ়তার সাথে মোকাবিলা  
করে শিক্ষার অধিকার প্রতিষ্ঠার  
জন্যেই ছাত্র সংগ্রাম পরিষদ একা-  
বন্ধভাবে নির্বাচন করছে, অন্য  
কোন উদ্দেশ্যে নয়। ঢাকা বিশ্-  
বিদ্যালয়ের সচেতন ছাত্রসমাজ  
অনেক আগে থেকেই পরিষদের  
সাথে আছে এ কথা উল্লেখ করে  
নেতৃবৃন্দ বলেন, নির্বাচনে পরিষদ  
মনোনীত সুলতান-মুশতাক-নাসির  
প্যানেলের বিজয় এখন সময়ের  
ব্যাপার মাত্র। সভায় ছ'শিয়ারি  
উচ্চারণ করে বলা হয় নির্বাচনকে  
কেন্দ্র করে কেউ যদি সন্থাস এবং  
অরাজকতা সৃষ্টির চেষ্টা চালায়  
তাহলে ছাত্রসমাজ তার দাড়াভাঙ্গা  
জবাব দেবে। সভার আগে পরি-  
ষদ মনোনীত প্রার্থীদের নিয়ে  
একটি মিছিল কলা ভবন এলাকা  
প্রদক্ষিণ করে।

গতকাল সকালে ডাকসু ভবনে  
কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ  
আহুত এক সাংবাদিক সম্মেলনে  
ডাকসুতে পরিষদ মনোনীত  
প্যানেল আনুষ্ঠানিকভাবে ঘোষণা  
এবং প্রার্থীদের পরিচয় করিয়ে  
দেয়া হয়।

### ছাত্রদের মিছিল

ক্যাম্পাসে নির্বাচনী প্রচা-  
রণা ক্রমশ: জঘে উঠেছে। জাতী-  
য়তাবাদী ছাত্রদের দৃঢ়-রিপন  
পরিষদসহ আরো কয়েকটি জোট  
ও সংগঠনের প্রার্থীরা গতকালও  
সভা ও মিছিল করেছে। সকল  
সভা ও মিছিল থেকেই তাদের  
মনোনীত পরিষদকে সেরা পরিষদ  
হিসেবে উল্লেখ করে তার পক্ষে  
ভোট দেয়ার আহ্বান জানানো  
হয়।